

আইডিয়াল ও ঢাকা কলেজ ফের সংঘর্ষে শিক্ষার্থীরা আহত ৭

নিজস্ব প্রতিবেদক

২৩ মার্চ ২০২৩ ১২:০০

এন্রেম | আপডেট: ২২ মার্চ

২০২৩ ১১:৩৭ পিএম

বঙ্গবন্ধু মন্ত্রণালয়
আমাদের মধ্যে

advertisement

রাজধানীর ঢাকা কলেজ ও ধানমন্ডি আইডিয়াল কলেজের শিক্ষার্থীরা ফের সংঘর্ষে জড়িয়েছে। গতকাল দুপুর ১টার দিকে ধানমন্ডির ৩ নম্বর সড়কের লেকপাড়ে এই সংঘর্ষের ঘটনায় আহত হয়েছেন দুই কলেজের ৭ শিক্ষার্থী। এদের মধ্যে পাঁচজন ঢাকা কলেজের উচ্চ মাধ্যমিকের এবং দুজন আইডিয়াল কলেজের উচ্চ মাধ্যমিকের শিক্ষার্থী।

advertisement

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, বুধবার সকালে আইডিয়াল কলেজের এক শিক্ষার্থীকে ঢাকা কলেজের শিক্ষার্থীরা মারধর করেছে এমন খবর আইডিয়াল কলেজের শিক্ষার্থীদের মধ্যে ছড়িয়ে পড়ে। পরে আইডিয়াল কলেজের শিক্ষার্থীরা জড়ো হয়ে ধানমন্ডির লেকপাড়ে

ঢাকা কলেজের কয়েকজন শিক্ষার্থীকে দেখতে পেয়ে বাঁশের লাঠি দিয়ে অতর্কিত আক্রমণ করে। এ সময় উভয়পক্ষের মধ্যে মারামারি এবং ধাওয়া পাল্টাধাওয়ার ঘটনা ঘটে।

advertisement

ঢাকা কলেজের নিবিড় পর্যবেক্ষণ কমিটির আহ্বায়ক ও ইংরেজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক পুরঞ্জিয়া বিশ্বাস বলেন, এমন ঘটনার আশঙ্কায় আমরা সকালে ওই এলাকা ঘুরে এসেছি। কলেজে আসার পরে শুনি এ ঘটনা ঘটেছে। আমাদের পাঁচজন শিক্ষার্থী আহত হয়েছেন। সবাই প্রাথমিক চিকিৎসা নিয়ে বাসায় ফিরে গেছেন। পরিস্থিতি বর্তমানে শান্ত রয়েছে।

আইডিয়াল কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম বলেন, কী ঘটনা ঘটেছে সেটি জানি না। শুনেছি, মারামারি হয়েছে। তবে কী কারণে ঘটেছে, সেটি জানি না। তদন্তের পর বলা যাবে কী হয়েছে।

নিউমার্কেট জোনের অতিরিক্ত উপপুলিশ কমিশনার (এডিসি) শাহেন শাহ বলেন, কোনো সংঘর্ষ হয়নি। ধানমন্ডি লেকপাড়ে যারা খেতে গিয়েছে ওদের মধ্যে কথা কাটাকাটি ও পরে হাতাহাতির ঘটনা ঘটেছে। সুনির্দিষ্ট কোনো কারণ নেই, বরং আগের ঘটনার জেরেই এমন ঘটনা ঘটেছে বলে ধারণা করা হচ্ছে।